গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
তদন্ত ও শৃঙ্খলা শাখা
সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬
www.dpe.gov.bd

স্মারক নম্বর- ৩৮.০১.০০০০.৩০০.২৭.৩৯১.২২-২৯

তারিখ: ০৩ মাঘ ১৪২৯
১৭ জানুয়ারী ২০২৩

প্রজ্ঞাপন

যেহেতু, জনাব নিজাম উদ্দিন (মুলপদ সহকারী উপজেলা শিক্ষা অফিসার) ভারপ্রাপ্ত উপজেলা শিক্ষা অফিসার, থানচি, বান্দরবান- এর বিরুদ্ধে তাঁর স্ত্রী জনাব মৌসুমী আক্তার কর্তৃক বিজ্ঞ নারী ও শিশু নির্যাতন দমন বিশেষ ট্রাইব্যুনাল, দিনাজপুরে মামলা নং- ১২৬৩/২০২১ দায়ের করায় বিজ্ঞ আদলাত ০৫/০৬/২০২২ তারিখে কারাগারে প্রেরণের আদেশ প্রদান করেন। বর্ণিত কর্মকর্তা কারাগারে থাকায় সরকারি চাকরি আইন ২০১৮ এর ধারা ৩৯(২) অনুযায়ী তাকে ০৫/০৬/২০২২ তারিখে সরকারি চাকরি হতে ভূতাপেক্ষভাবে সাময়িক বরখাস্ত করা হয়;

যেহেতু, বর্ণিত কর্মকর্তাকে ভূতাপেক্ষভাবে সাময়িক বরখাস্ত করার কারনে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ৩(খ) উপবিধি অনুযায়ী অসদাচরণের অভিযোগে বিভাগীয় মামলা রুজুপূর্বক কর্মস্থলের ঠিকানায় অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করে জবাব প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হয়;

যেহেতু, তিনি বিভাগীয় মামলার জবাব দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণ করেন;

যেহেতু, বিভাগীয় মামলার অভিযোগনামা ও অভিযোগ বিবরণী, দাখিলকৃত জবাব, ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত বক্তব্য, আগাম জামিন, একক তালাক, খোলা তালাক, ফৌজদারী মামলা নিষ্পত্তির মূল সার্টিফাইড কপি ও প্রাসঙ্গিক রেকর্ডপত্রাদি পর্যালোচনায় তাঁকে বিভাগীয় মামলা থেকে অব্যাহতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়;

সেহেতু, জনাব নিজাম উদ্দিন (মুলপদ সহকারী উপজেলা শিক্ষা অফিসার) ভারপ্রাপ্ত উপজেলা শিক্ষা অফিসার, থানচি, বান্দরবান-কে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ২০১৮ এর বিধি ৪(২) (ক) অনুযায়ী বিভাগীয় মামলা থেকে অব্যাহতি প্রদান করা হলো।

০২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

১৭/১/২০২৩

শাহ রেজওয়ান হায়াত
মহাপরিচালক (গ্রেড-১)
টেলিফোন: ০২৫৫০৭৪৭৭৭
ই-মেইল: dgprimarybd@gmail.com

স্মারক নম্বর- ৩৮.০১.০০০০.৩০০.২৭.৩৯১.২২- ২৯

তারিখ: ০৩ মাঘ ১৪২৯
১৭ জানুয়ারী ২০২৩

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হলো:

১. সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। দৃষ্টি আকর্ষণ: উপ-সচিব (প্রশাসন-১) পরিচালক (প্রশাসন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
২. পরিচালক (আইএমডি), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা (প্রজ্ঞাপনটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
৩. উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৪. উপপরিচালক (প্রশাসন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৫. বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৬. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, বান্দরবান।
৭. উপজেলা হিসাবরক্ষণ অফিসার, থানচি, বান্দরবান।
৮. উপজেলা শিক্ষা অফিসার, থানচি, বান্দরবান।
৯. জনাব নিজাম উদ্দিন (মুলপদ সহকারী উপজেলা শিক্ষা অফিসার) ভারপ্রাপ্ত উপজেলা শিক্ষা অফিসার, থানচি, বান্দরবান।
১০. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১১. সংরক্ষণ নথি।

প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
পরিচালক (আইএমডি) এর দপ্তর
তারিখ :----------
☐ সিনিয়র সিস্টেম এনালিস্ট
☐ সিস্টেম এনালিস্ট
☐ প্রোগ্রামার-১
☐ মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার
☐ প্রোগ্রামার-২
☐ সহঃ প্রোগ্রামার-১
☐ সহঃ প্রোগ্রামার-২
☐ সহঃ মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার-১
☐ সহঃ মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার-২
পরিচালক (আইএমডি)

ড. নাছিমা বেগম
উপপরিচালক
তদন্ত ও শৃঙ্খলা শাখা
email: inquiryceldpe@gmail.com